দৈনিক ইনকিলাব

তারিখ 28 JAN 2008
পৃষ্ঠা ২২ কলাম ৫

# মাধ্যমিক পাঠ্যবই প্রসঙ্গে সরকারের বক্তব্য

স্টাফ রিপোর্টার ঃ প্রাথমিক স্কুল পর্যায়ে চলতি শিক্ষাবর্ষে পাঠ্যবই সংকটের ওপর বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত সংবাদ প্রসঙ্গে গতকাল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, প্রাথমিক স্কুল পর্যায়ে ২০০৮ শিক্ষাবর্ষে পাঠ্যবই ছাপানো হয় তখন পূর্বের মত প্রাথমিক শিক্ষা অধিদফতর বিনামূল্যে বিতরণের জন্য সংশ্লিষ্ট সকল ক্যাটাগরির স্কুলের চাহিদা বিবেচনা করে এবং সেভাবেই এনসিটিবি কর্তৃক ছাপানো হয়। ২০০৮ সালের জন্য বিনামূল্যে বই সরবরাহের নীতিমালা অনুযায়ী মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত প্রাথমিক বিদ্যালয়গুলোকে বই পেতে হলে প্রাথমিক শিক্ষা অধিদফতরের নিবন্ধনের শর্ত ছিল। কিন্তু বাস্তবে উল্লিখিত বিদ্যালয়সমূহ কর্তৃক শর্তাদি প্রতিপালিত না হওয়ায় বছরের শুরুতে তারা পাঠ্যবই সংগ্রহ করতে পারেনি। নিবন্ধনের শর্তটি তাৎক্ষণিকভাবে পূরণ বাস্তবসম্মত নয় বিবেচনায় সরকার উল্লিখিত শর্তটি শিথিল করে সংশ্লিষ্ট বিদ্যালয় সমূহের ছাত্র-ছাত্রীদের পূর্বের মত বিনামূল্যে প্রাথমিক স্তরের পাঠ্য-পুস্তক সরবরাহ করার জন্য মাঠ পর্যায়ে ইতোমধ্যেই নির্দেশনা প্রদান করেছে। বর্তমানে মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয় সংযুক্ত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে পাঠ্যপুস্তক পাওয়ার ক্ষেত্রে আর কোন সমস্যা নেই।